# <u>আল্লাহর ক্ষমার ব্যপারে হতাশ হতে নেই</u>

**<u>আসসালামুয়ালাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু</u>**

**<u>বিসমিল্লাহির রাহমানির রাহীম</u>**

**<u>আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ “আল্লাহর ক্ষমার ব্যপারে হতাশ হতে নেই।“</u>**

আমরা যারা পাপ কাজে লিপ্ত আছি আল্লাহ আমাদের মনের ভিতরে অসংখ্য দুশ্চিন্তা ও অস্বস্তি অনুভব করিয়ে দেন। আল্লাহ তায়ালা একে বলেছেন

الْعَذَابِ الْأَدْنَىٰ

অর্থাৎ কাছের শাস্তি । আল্লাহ তায়ালা আমাদের এই কাছের শাস্তির কথা মনে করিয়ে দেন যাতে আমরা কোন বড় গুনাহ করার আগেই আল্লাহর কাছে ফিরে আসি।

পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেনঃ সুরা আস সাজদা

১) সেই বড় শাস্তির পূর্বে আমি এই দুনিয়াতেই ছোট শাস্তির স্বাদ তাদেরকে দিতে থাকবো। হয়তো তারা ফিরে আসবে।

সুরা ৩২ আস সাজদা, আয়াতঃ ২১

وَلَنُذِيقَنَّهُم مِّنَ الْعَذَابِ الْأَدْنَىٰ دُونَ الْعَذَابِ الْأَكْبَرِ لَعَلَّهُمْ

يَرْجِعُونَ ﴿٢١﴾

গুরু শাস্তির পূর্বে তাদেরকে আমি (পৃথিবীতে) অবশ্যই লঘুশাস্তি আস্বাদন করাবো, যাতে তারা ফিরে আসে।

And we will surely let them taste the nearer punishment short of the greater punishment that perhaps they will repent.

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আর রূম

২) জমিন ও সাগর জুড়ে বিপর্যয় দেখা দিয়েছে যা মানুষ তার কৃতকর্মের মাধ্যমে অর্জন করেছে যেন তারা তাদের কাজের পরিণতি কিছুটা বুঝতে পারে যার ফলে হয়তো তারা ফিরে আসবে।

সুরা ৩০ আর রূম, আয়াতঃ ৪১

ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ أَيْدِي النَّاسِ

لِيُذِيقَهُمْ بَعْضَ الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٤١﴾

মানুষের কৃতকর্মের কারণে স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়িয়ে পড়েছে। যার ফলে তাদেরকে কোন কোন কর্মের শাস্তি তিনি আস্বাদন করান যাতে তারা ফিরে আসে।

Corruption has appeared throughout the land and sea by [reason of] what the hands of people have earned so He may let them taste part of [the consequence of] what they have done that perhaps they will return [to righteousness].

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আন নাহল

৩) যে তওবা করে তার প্রথম পুরস্কার হচ্ছে জান্নাহ I এটাই কি যথেষ্ট না? কিন্তু শুধু তাই নয় এ আখেরাতের আগে সে এই দুনিয়ার জীবনেও সুখে শান্তিতে থাকবে।

মুমিনদের মধ্য থেকে পুরুষ বা মহিলা যেই ভাল কাজ করবে তাকে আমি দুনিয়ায় পবিত্র ও কল্যাণময় জীবন দান করবো।

সুরা ১৬ আন নাহল, আয়াতঃ ৯৭

مَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهٗ حَيٰوةً
طَيِّبَةً ۚ وَلَنَجْزِيَنَّهُمْ اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩٧﴾

মু'মিন হয়ে পুরুষ ও নারীর মধ্যে যে কেউ সৎ কর্ম করবে, তাকে আমি নিশ্চয়ই আনন্দময় জীবন দান করবো এবং তাদেরকে তাদের কর্মের শ্রেষ্ঠ পুরস্কার দান করবো।

Whoever does righteousness, whether male or female, while he is a believer - We will surely cause him to live a good life, and We will surely give them their reward [in the Hereafter] according to the best of what they used to do.

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা হুদ

৪) তোমরা রবের কাছে ক্ষমা চাও তারপর তার কাছে ফিরে যাও তাহলে তিনি নির্দিষ্ট সময় ধরে তোমাদের উত্তম জীবন সামগ্রী দান করবেন।

সুরা ১১ হুদ, আয়াতঃ ৩

وَّاَنِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ يُمَتِّعْكُمْ مَّتَاعًا حَسَنًا
اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى وَّيُؤْتِ كُلَّ ذِيْ فَضْلٍ فَضْلَهٗ ؕ وَاِنْ تَوَلَّوْا فَاِنِّيْٓ
اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيْرٍ ﴿٣﴾

আর এই (উদ্দেশ্যে)যে, তোমরা নিজেদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করো তৎপর তাঁর প্রতি নিবিষ্ট থাকো, তিনি তোমাদেরকে সুখ-সম্ভোগ দান করবেন, নির্দিষ্ট

কাল পর্যন্ত এবং প্রত্যেক অধিক আমলকারীকে অধিক সওয়াব দিবেন, আর যদি তোমরা মুখ ফিরাতেই থাকো তবে আমি তোমাদের জন্য কঠিন দিনের শাস্তির আশংকা করি।

And [saying], "Seek forgiveness of your Lord and repent to Him, [and] He will let you enjoy a good provision for a specified term and give every doer of favor his favor. But if you turn away, then indeed, I fear for you the punishment of a great Day.

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আন নিসা

৫) যেই না খারাপ কাজ করেছে অথবা নিজের নফসের প্রতি যুলুম করেছে, তারপর আল্লাহতা’য়ালার কাছে ক্ষমা চেয়েছে সে দেখবে আল্লাহ অত্যাধিক ক্ষমাশীল, অতিরিক্ত দয়াময়। তিনিই তো তাঁর দাসদের তওবা কবুল করেন এবং সকল পাপ মুছে দেন।

সুরা ৪ আন নিসা, আয়াতঃ ১১০

وَ مَنْ يَّعْمَلْ سُوْٓءًا اَوْ يَظْلِمْ نَفْسَهٗ ثُمَّ يَسْتَغْفِرِ اللّٰهَ يَجِدِ اللّٰهَ

غَفُوْرًا رَّحِيْمًا ﴿١١٠﴾

এবং যে কেউ দুষ্কর্ম করে অথবা স্বীয় জীবনের প্রতি অত্যাচার করে পরে আল্লাহর নিকট ক্ষমাপ্রার্থী হয়, সে আল্লাহকে ক্ষমাশীল, করূণাময় পাবে।

And whoever does a wrong or wrongs himself but then seeks forgiveness of Allah will find Allah Forgiving and Merciful.

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আশ শুরা

৬) সুরা ৪২ আশ শুরা, আয়াতঃ ২৫

তিনি(আল্লাহ)সকল পাপ মুছে দেন।যে এশার নামাজ তখনোও পড়েনি, অপবিত্র অবস্থায় আছে,যিনার মতো খারাপ কাজও করেছে ইত্যাদি সব পাপ আল্লাহ তা’য়ালা মুছে দেন, এবং মানুষ কি করছে তা তিনি জানেন।

وَ هُوَ الَّذِىْ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَ يَعْفُوْا عَنِ السَّيِّاٰتِ وَ

يَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ﴿٢٥﴾

তিনিই তাঁর বান্দাদের তওবা কবুল করেন এবং পাপ মোচন করেন এবং তোমরা যা কর তিনি তা জানেন।

And it is He who accepts repentance from his servants and pardons misdeeds, and He knows what you do.

সুতরাং তারা ব্যতীত যারা তওবা করে, বিশ্বাস করে ও ভালো কাজ করে আল্লাহ তাদের খারাপ কাজগুলোকে ভালোকাজে রূপান্তরিত করে দেন এবং আল্লাহ অত্যাধিক ক্ষমাশীল, অতিরিক্ত দয়াময়।

**আমীন।**

**আসসালামুয়ালাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু**

................................................